সংবাদ

তারিখ ৭।৩।৮১

05 ৩০

# নতুন পূর্ণাংগ প্রাথমিক শিক্ষা অধ্যাদেশ ঘোষিত

রাষ্ট্রপতি গতকাল শুক্রবার একটি নতুন পূর্ণাংগ প্রাথমিক শিক্ষা অধ্যাদেশ ১৯৮১ জারি করেছেন এর ফলে ঢাকা পৌর কর্পোরেশনের নিকট প্রাথমিক বিদ্যালয়সমূহ হস্তান্তর সম্পর্কিত আইন এবং গত ১৪ই ফেব্রুয়ারী তারিখে জারিকৃত প্রাথমিক শিক্ষা অধ্যাদেশ ১৯৮১ বাতিল করা হয়েছে। এ নতুন পূর্ণাংগ অধ্যাদেশের প্রধান প্রধান বিশেষত্বসমূহ নিম্নরূপ :

সকল সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারীবৃন্দ সরকারী কর্মচারীরূপে গণ্য

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## অধ্যাদেশ ঘোষিত

(১ম পাতার পর)

হবেন—একথা সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারিগণ সরকারী কর্মচারী শৃঙ্খলা ও আপীল বিধির আওতাভুক্ত হবেন।

ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা পৌরসভা এলাকার জন্য পৃথক স্থানীয় শিক্ষা কর্তৃপক্ষ গঠিত হবে এবং এসব কর্তৃপক্ষের চেয়ারম্যান সরকার কর্তৃক নিয়োজিত হবেন। পৌর এলাকার স্থানীয় শিক্ষা কর্তৃপক্ষে নির্দিষ্ট সংখ্যক পৌর কমিশনার অন্তর্ভুক্ত হবেন, তবে তাঁদের সংখ্যা কর্তৃপক্ষের মোট সদস্য সংখ্যার এক তৃতীয়াংশের অধিক হবে না।

যেসব প্রাথমিক বিদ্যালয় ঢাকা পৌর কর্পোরেশনের অন্তর্ভুক্ত ছিল, সেগুলো পুনরায় সরকারের নিকট হস্তান্তরিত বলে গণ্য হবে। খবর তথ্য বিবরণীর।